# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩২৫৮

২২. ওয়াসিয়াত অধ্যায় (كتاب الوصايا)

পরিচ্ছেদঃ ১৩. অসুস্থ ব্যক্তির ওয়াসীয়াত

باب وَصِيَّةِ الْمَرِيضِ

## আরবী

حَدَّثَنَا أَبُو النُّعْمَانِ حَدَّثَنَا حَمَّادُ بْنُ زَيْدٍ عَنْ يَحْيَى هُوَ ابْنُ سَعِيدٍ قَالَ أَعْطَتْ امْرَأَةٌ مِنْ أَهْلِنَا وَهِيَ حَامِلٌ فَسُئِلَ الْقَاسِمُ فَقَالَ هُوَ مِنْ جَمِيعِ الْمَالِ قَالَ يَحْيَى وَنَحْنُ نَقُولُ إِذَا ضَرَبَهَا الْمَخَاضُ فَمَا أَعْطَتْ فَمِنْ الثُّلُثِ

## বাংলা

৩২৫৮. হাম্মাদ ইবনু যাইদ হতে বর্ণিত, ইয়াহইয়া ইবনু সাঈদ (রহঃ) বলেন, আমাদের পরিবারের কোনো এক মহিলা গর্ভবতী অবস্থায় (সম্পদ) দান (করার ঘোষণা) করলো। কাসিম কে এ ব্যাপারে জিজ্ঞাসা করা হলে তিনি বলেন, তার সমুদয় মালই দান করতে হবে। কিন্তু ইয়াহইয়া বলেন, আমাদের মত হলো: যখন তার প্রসব বেদনা উঠবে, তখন তার এক তৃতীয়াংশ সম্পদ হতে সে দান করবে।[1]

## ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ সহীহ।

তাখরীজ: ইবনু আবী শাইবা ১১/২১১ নং ১১০০৫; সাঈদ ইবনু মানসূর নং ৩৮৭।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ হাম্মাদ ইবনু যাইদ (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=83543

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন